# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৭৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - আযানের ফযীলত ও মুয়াযযিনের উত্তর দান

## আরবী

عَنْ جَابِرٍ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ الشَّيْطَانَ إِذَا سَمِعَ النِّدَاءَ بِالصَّلَاةِ ذَهَبَ حَتَّى يَكُونَ مَكَانَ الرَّوْحَاءِ» . رَوَاهُ مُسلم

## বাংলা

৬৭৪-[২১] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, শায়ত্বন (শয়তান) যখন সালাতের আযান শুনে তখন সে ’’রওহা’’ না পৌঁছা পর্যন্ত পালাতে থাকে (অর্থাৎ- অনেক দূরে চলে যায়)। বর্ণনাকারী বলেন, ’’রওহা’’ নামক স্থান মদীনাহ্ থেকে ছত্রিশ মাইল দূরে অবস্থিত। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৩৮৮, সহীহাহ্ ৩৫০৬, সহীহ ইবনু হিব্বান ১৬৬৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: শায়ত্বন (শয়তান) যখন আযান শোনে তখন রওহা নামক স্থান পর্যন্ত পালিয়ে যায়। অর্থাৎ- সে যখন সালাতের আযান শোনে তখন আযানের স্থান তথা মসজিদের কাছ থেকে বহু দূরে চলে যায়। হাদীসে বলা হয়েছে, সে মদীনাহ্ থেকে ছত্রিশ মাইল দূরে রওহা নামক স্থানে চলে যায়। এখানে রওহা দ্বারা মূলত দূরত্বের কথা বুঝানো হয়েছে। অর্থাৎ- শায়ত্বন (শয়তান) যে স্থানের আযান শোনে সে স্থান থেকে ততটুকু দূরত্বে চলে যায়, যতটুকু দূরত্ব মদীনাহ্ থেকে রওহা নামক স্থানের।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55231

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন